গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

১৯৭২ সালের ২৬ মার্চ বাংলাদেশ ইন্ডাষ্ট্রিয়াল এন্ট্রারপ্রাইজেস (রাষ্ট্রীয়করণ) অর্ডার ২৭, ১৯৭২ এর মাধ্যমে বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। বিটিএমসি একটি স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠান হিসেবে টেক্সটাইল সেক্টর, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। শিল্পায়ন, কর্মসংস্থান ও সম্পত্তির সবোর্ত্তম ব্যবহারসহ সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে ১৬টি মিল পিপিপি'র মাধ্যমে পরিচালনার নিমিত্তে CCEA কর্তৃক নীতিগত অনুমোদন পাওয়া গেছে ১ম পর্যায়ে ২টি মিলের আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে নির্বাচিত প্রাইভেট পার্টনারের সাথে চুক্তি স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন করে ১টি মিলের (কাদেরিয়া টেক্সটাইল মিল) জমি গ্রীন ফিল্ড হিসেবে হস্তান্তর করা হয়েছে। অপর ১টি মিলের (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল) Existing Facilities অপসারনের কাজ চলছে। খুব তাড়াতাড়ি আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলের জমি গ্রীন ফিল্ড হিসেবে হস্তান্তর করা হবে। সার্ভিস চার্জ পদ্ধতির পরিবর্তে গত নভেম্বর ২০১৭খ্রিঃ মাস হতে ৬টি মিল ভাড়া পদ্ধতিতে পরিচালনা করে বছরে প্রায় ২.০০ কোটি টাকা লোকসান কমানো হয়েছে। হাটখোলাস্থ ১.১১৭ একর জমি বাংলাদেশ পুলিশের নিকট বিক্রি করে ৮৮.৯০ কোটি টাকা পাওয়া গেছে। চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লীর ১০টি প্লট বিক্রি করা হয়েছে। বাংলাদেশী মালিকদের নিকট হস্তান্তরিত ও বিক্রিত মিল হতে ৬টি মিল পূনঃঅধিগ্রহণ পূর্বক বিটিএমসির দখলে নেয়া হয়েছে। বিটিএমসির ওয়েবসাইট হালনাগাদ করা হয়েছে এবং বিভিন্ন পদক্ষেপ/সাফল্যের চিত্র নিয়মিত প্রকাশ করা হচ্ছে। মতিঝিলের হাটখোলাস্থ ৪.২৫৪৩ একর জমি সিটি জরিপে ৫০টি আপিল মামলার মাধ্যমে বিটিএমসির নামে রেকর্ড ও গেজেট সম্পন্ন হয়েছে। বিগত ৩ বছরে বিটিএমসি'র ৭০টি মামলা এবং ১৩৮টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে। মিলগুলোতে বিগত ৩ বছরে ৬০.৭৯ লক্ষ কেজি সুতা উৎপাদন হয়েছে। বিটিএমসি প্রধান কার্যালয় ও মিলসমূহে ১২ জন জনবল নিয়োগ দেয়া হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মূলধন/আর্থিক সংকট, বিটিএমসি'র বন্ধ মিলসমূহ সরকারী-বেসরকারী যৌথ-উদ্যোগ/পিপিপি এর মাধ্যমে দ্রুত চালু করা, সরকার ও ব্যাংকের নিকট বিটিএমসি'র দায়-দেনা নিস্পত্তি করা, বিভিন্ন মামলাসমূহ এবং অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তি করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিটিএমসি'র নিয়ন্ত্রনাধীন মিলসমূহ হতে ১৬ টি মিলকে পর্যায়ক্রমে পিপিপি'র মাধ্যমে আধুনিকায়নপূর্বক পরিচালনা করা, দায়-দেনা পরিশোধ করা, মিলের ব্যয় হ্রাস করা, দ্রুত মামলাসমূহ এবং অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করা, মিলের অব্যবহৃত জমির সর্বোত্তম ব্যবহার করে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবানের নিমিত্তে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করা;
- বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয় ৩৫০.০০ লক্ষ টাকা;
- কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৭০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান;
- মিলের ব্যয় সংকোচনের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক মিল পরিদর্শন ২৫টি;
- আর্থিক সক্ষমতা বিবেচনায় বিদ্যমান ঘাটতি জনবলের বিপরীতে শূণ্য পদের ২৫% পদে জনবল নিয়োগ করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বস্ত্র শিল্পে কাঁচামাল সরবরাহে অবদান, কর্মসংস্থানের সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বস্ত্রখাতে চাহিদাপূরণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশী-বিদেশী যৌথ বিনিয়োগ/পিপিপি এর মাধ্যমে বন্ধ মিলসমূহ চালুকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ;

২. আয় বৃদ্ধিকরণ;

৩. দক্ষতা উন্নয়ন;

৪. ব্যয় সংকোচন;

৫. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১.  সরকারি সম্পদের যথাযথ ও যুগোপযোগী ব্যবহার নিশ্চিতপূর্বক আর্থিক স্বচ্ছলতা আনয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন;

২.  দেশি-বিদেশি যৌথ বিনিয়োগ/পিপিপি এর মাধ্যমে মিলসমূহ পরিচালনার লক্ষ্যে প্রকল্প চিহ্নিতকরণ ও চালুকরণে উদ্যোগ গ্রহণ;

৩.  সরকারি নির্দেশনা মোতাবেক বস্ত্র শিল্প সংশ্লিষ্ট বস্তুনিষ্ঠ তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও প্রেরণ;

৪.  অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের দক্ষতা পরিদর্শন, সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ, সমস্যা চিহ্নিতকরণ, অপচয় হ্রাসকরণ এবং প্রয়োজনীয় দি নির্দেশনা প্রদান করা;

৫.  চালু মিলসমূহ সুষ্ঠুভাবে পরিচালনা ও বন্ধ মিলসমূহ চাল করা;

৬.  উন্নয়নশীল কর্মপরিকল্পনা চিহ্নিতকরণ।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| বস্ত্র শিল্পে কাঁচামাল সরবরাহে অবদান | সূতা উৎপাদন | লক্ষ কেজি | ৭.৫০ | ৪.০০ | ১.০০ | ১.০০ | ১.০০ | বাংলাদেশ তাঁত বোর্ড | বিটিএমসি |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ; | ৩৫ | [১.১] পিপিপি’র আওতায় বিটিএমসি’র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবানের নিমিত্তে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করা | [১.১.১] বিটিএমসি কর্তৃক খসড়া বিট ডকুমেন্ট পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ইনপুট প্রদান করা | তারিখ | সময় | ১৫ | | | ৩০.১২.২০ | ২৭.০১.২১ | ১৫.০২.২১ | | | | |
| | | | [১.১.২] বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং পিপিপি কর্তৃপক্ষের মতামত গ্রহণ করা | তারিখ | সময় | ১০ | | | ০৩.০৩.২১ | ২৫.০৩.২১ | ১৫.০৪.২১ | | | | |
| | | | [১.১.৩] টেন্ডার আহবান করা | তারিখ | সময় | ১০ | | | ৩০.০৬.২১ | | | | | | |
| [২] আয় বৃদ্ধিকরণ; | ১৫ | [২.১] বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয় | [২.১.১] আদায়কৃত ভাড়া | সমষ্টি | লক্ষ টাকা | ১৫ | ৭০৩.০০ | ৭০৫.০০ | ৩৫০.০০ | ৩৪৯.০০ | ৩৪৮.০০ | ৩৪৭.০০ | ৩৪৬.০০ | ৭০৫.০০ | ৭০৫.০০ |
| [৩] দক্ষতা উন্নয়ন; | ১০ | [৩.১] কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] জনবল | সমষ্টি | সংখ্যা | ১০ | ৯৯ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৫৫ | ৫৫ |
| [৪] ব্যয় সংকোচন; | ১০ | [৪.১] মিলের ব্যয় সংকোচনের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক মিল পরিদর্শন | [৪.১.১] পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১০ | | ২৫ | ২৫ | ২২ | ২০ | ১৭ | ১৫ | ১৭ | ১৭ |
| [৫] কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ৫ | [৫.১] আর্থিক সক্ষমতা বিবেচনায় বিদ্যমান ঘাটতি জনবলের বিপরীতে নিয়োগ প্রদান করা | [৫.১.১] নিয়োগকৃত জনবল | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ৫ | | | ২৫ | ২০ | ১৮ | ১৬ | ১৫ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২২/৭/২০২০

--------------------------------------------

চেয়ারম্যান
বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

২২/৭/২০২০

--------------------------------------------

তারিখ

--------------------------------------------

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

22.07.2020

--------------------------------------------

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিটিএমসি | বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন |
| ২ | পিপিপি | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবানের নিমিত্তে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করা | [১.১.১] বিটিএমসি কর্তৃক খসড়া বিট ডকুমেন্ট পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ইনপুট প্রদান করা | প্রস্তুতকৃত খসড়া বিট ডকুমেন্ট অধিকতর নির্ভুলভাবে প্রস্তুত করার লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ইনপুট প্রদান করা | বাণিজ্য শাখা, বিটিএমসি | সংশ্লিষ্ট কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত প্রতিবেদন | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং পিপিপি কর্তৃপক্ষের মতামত গ্রহণ করা | প্রস্তুতকৃত বিট ডকুমেন্টস চূড়ান্তকরণের লক্ষ্যে মতামত গ্রহণ | বাণিজ্য শাখা, বিটিএমসি | মতামত গ্রহণের পত্রের কপি | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.৩] টেন্ডার আহবান করা | পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবান করা | বাণিজ্য শাখা, বিটিএমসি | টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের কপি | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| [২.১] বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয় | [২.১.১] আদায়কৃত ভাড়া | বিটিএমসি ভবনের খালি স্পেস ভাড়া প্রদান করে আয় | উন্নয়ন শাখা, বিটিএমসি | সংশ্লিষ্ট কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত প্রতিবেদন | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] জনবল | বিটিএমসি'র কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | পারসনেল শাখা, বিটিএমসি | নোটিশের কপি এবং প্রশিক্ষণার্থীদের হাজিরা | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] মিলের ব্যয় সংকোচনের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক মিল পরিদর্শন | [৪.১.১] পরিদর্শন | মিলের ব্যয় সংকোচনের নিমিত্তে বিটিএমসি কর্তৃপক্ষ কর্তৃক মিল পরিদর্শন করে মিল কর্তৃপক্ষের কার্যক্রম তদারকি করা এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা | চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিটিএমসি | পরিদর্শনসূচী/অফিস আদেশের কপি | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] আর্থিক সক্ষমতা বিবেচনায় বিদ্যমান ঘাটতি জনবলের বিপরীতে নিয়োগ প্রদান করা | [৫.১.১] নিয়োগকৃত জনবল | বিদ্যমান ঘাটতি জনবলের বিপরীতে নিয়োগ প্রদান করা | পারসনেল শাখা বিটিএমসি | নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কপি | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ অফিস | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং পিপিপি কর্তৃপক্ষের মতামত গ্রহণ করা | টেন্ডার আহবানের নিমিত্তে খসড়া বিট ডকুমেন্টস চুড়ান্তকরনের জন্য মতামত গ্রহণ | বিনিয়োগ, উৎপাদন ও কর্মসংস্থান | বিনিয়োগ, উৎপাদন ও কর্মসংস্থানে নেতিবাচক প্রভাব |